

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪০৮]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (کتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৪: যিকির তথা আল্লাহকে স্মরণ করার ফযীলত ও তার প্রতি উৎসাহ দান

(244) بَابُ فَضْلِ الذِّكْرِ وَالْحَتِّ عَلَيْهِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم على الله عليه وسلم: «كَلِمَتَانِ خَفِيفَتَانِ عَلَى اللِّسَانِ، تَقِيلَتَانِ فِي المِيزَانِ، حَبِيبَتَانِ إِلَى عليه وسلم: «كَلِمَتَانِ خَفِيفَتَانِ عَلَى اللِّسَانِ، تَقِيلَتَانِ فِي المِيزَانِ، حَبِيبَتَانِ إِلَى الرَّحْمَانِ: سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ، سُبْحَانَ اللهِ العظيمِ». متفقٌ عَلَيْهِ

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

﴿ وَلَذَكْرُ اللَّهِ أَكْبَرُ ﴾ [العنكبوت: ٥٤]

"অবশ্যই আল্লাহর স্মরণ সর্বশ্রেষ্ঠ।" (সূরা আনকাবৃত ৪৫ আয়াত)

আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ ﴾ [البقرة: ١٥٢]

"তোমরা আমাকে স্মরণ কর; আমিও তোমাদেরকে স্মরণ করব।" (সূরা বাকারা ১৫২ আয়াত)

তিনি অন্যত্র বলেন.

﴿ وَاذْكُرْ رَبَّكَ فِي نَفْسِكَ تَضَرُّعًا وَخِيفَةً وَدُونَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْآصَالِ وَلَا تَكُنْ مِنَ الْغَافِلِينَ ﴾ [الاعراف: ٢٠٥]

"তোমার প্রতিপালককে মনে মনে সবিনয় ও সশঙ্কচিত্তে অনুচ্চস্বরে প্রত্যুষে ও সন্ধ্যায় স্মরণ কর এবং তুমি উদাসীনদের দলভুক্ত হয়ো না।" (সূরা আ'রাফ ২০৫ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেন,



﴿ وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴾ [الجمعة: ١٠]

"আল্লাহকে অধিক-রূপে স্মরণ কর; যাতে তোমরা সফলকাম হও।" (সূরা জুমআ ১০ আয়াত)

তিনি আরও বলেছেন.

﴿إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ ﴾ إِلَى قَوْله تَعَالَى: ﴿وَالذَّاكِرَاتِ أَعَدَّ اللَّهُ لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا ﴾ [الاحزاب: ه7]

"নিশ্চয়ই আত্মসমর্পণকারী (মুসলিম) পুরুষ ও আত্মসমর্পণকারী (মুসলিম) নারী, ঈমানদার পুরুষ ও ঈমানদার নারী, অনুগত পুরুষ ও অনুগত নারী, সত্যবাদী পুরুষ ও সত্যবাদী নারী, ধৈর্যশীল পুরুষ ও ধৈর্যশীল নারী, বিনীত পুরুষ ও বিনীত নারী, দানশীল পুরুষ ও দানশীল নারী, রোযা পালনকারী পুরুষ ও রোযা পালনকারী নারী, যৌনাঙ্গ হিফাযতকারী (সংযমী) পুরুষ ও যৌনাঙ্গ হিফাযতকারী (সংযমী) নারী, আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও আল্লাহকে অধিক স্মরণকারী নারী---এদের জন্য আল্লাহ ক্ষমা ও মহা প্রতিদান রেখেছেন।" (সূরা আহ্যাব ৩৫ আয়াত)

তিনি অন্য জায়গায় বলেছেন,

"হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে অধিক স্মরণ কর এবং সকাল-সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।" (সূরা আহ্যাব ৪১-৪২ আয়াত)

এ মর্মে আরও অনেক বিদিত আয়াত রয়েছে।

১/১৪১৬। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "দু'টি কলেমা (বাক্য) রয়েছে, যে দু'টি দয়াময় আল্লাহর কাছে অতি প্রিয়, জবানে (উচ্চারণে) খুবই সহজ, আমলের পাল্লায় অত্যন্ত ভারী। তা হচ্ছে, 'সুবহানাল্লাহি অবিহামদিহী, সুবহানাল্লাহিল আযীম।' অর্থাৎ আমরা আল্লাহ তা'আলার প্রশংসা সহকারে তাঁর পবিত্রতা ঘোষণা করেছি, মহান আল্লাহ অতীব পবিত্র।" (বুখারী ও মুসলিম) [1]

English

(244) Chapter: The Excellence of the Remembrance of Allah

Allah, the Exalted, says:

"And the remembering (praising) of (you by) Allah (in front of the angels) is



greater indeed [than your remembering (praising) of Allah in prayers]" (29:45)

"Therefore remember Me (by praying, glorifying). I will remember you." (2:152)

"And remember your Rubb by your tongue and within yourself, humbly and with fear and without loudness in words, in the mornings and in the afternoons, and be not of those who are neglectful." (7:205)

"And remember Allah much, that you may be successful." (62:10)

"Verily, the Muslims (those who submit to Allah in Islam) men and women... (up to)... And the men and the women who remember Allah much with their hearts and tongues. Allah has prepared for them forgiveness and a great reward (i.e., Jannah)." (33:35)

"O you who believe! Remember Allah with much remembrance. And glorify His Praises morning and afternoon [the early morning (Fajr) and `Asr prayers]." (33:41,42)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah () said, "There are two statements that are light for the tongue to remember, heavy in the Scales and are dear to the Merciful: 'Subhan-Allahi wa bihamdihi, Subhan-Allahil-Azim [Glory be to Allah and His is the praise, (and) Allah, the Greatest is free from imperfection]'."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith affirms that man's actions carry weight. On the Day of Judgement, his actions will be cast into the Balance. At that time Allah will endow these actions with weight, or according to some scholars, those records which register man's actions will be weighed. This is quite possible for the reason that Almighty Allah is Capable of weighing things without even their physical form. This discussion apart, when actions will be cast into the Balance, the formula mentioned in the Hadith, the utterance of which is very easy, will prove weighty. Every Muslim should make it a practice to repeat them frequently.

ফুটনোট



[1] সহীহুল বুখারী ৬৪০৬, ৬৬৮২, ৭৫৬৩, মুসলিম ২৬৯৪, তিরমিযী ৩৪৬৭, ইবনু মাজাহ ৩৮০৬, আহমাদ ৭১২৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন